

নং ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩১.১৫- ৪০৫

তারিখঃ ০১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২য় শিফট পরিচালনার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নির্ধারিত সম্মানী ভাতা পরিশোধের লক্ষ্যে মাননীয় শিক্ষা মন্ত্রী কর্তৃক প্রেরিত আধা সরকারি পত্রের প্রস্তাব বাস্তবায়ন।


সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আধা সরকারি পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০৩১.১৫-৩৬৭, তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এর ২য় শিফট পরিচালনার সাথে সম্পৃক্ত ৪৪৭৮ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জন্য ২০০৯ সালের বেতন স্কেল অনুযায়ী ২য় শিফটের সম্মানী ভাতার পরিমাণ ৫০% এর পরিবর্তে গ্রেডভিত্তিক নির্ধারিত হারে মোট ৫১,৫৫,১২,৮০০/- (একাল কোটি পঞ্চাশ লক্ষ বার হাজার আটশত) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. কর্তৃক মাননীয় অর্থ মন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল মহোদয় বরাবর একটি প্রস্তাবনাসহ আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। যার একটি ছায়ািলিপি আপনার বরাবরও প্রেরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃজনসহ ব্যাপক কর্মসংস্থান ও উন্নয়নের লক্ষ্যে বর্ণিত আধা সরকারি পত্রের প্রস্তাব বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১) আধাসরকারি পত্রের ছায়ািলিপি ০১ (এক) পাতা।

২) প্রস্তাবিত গ্রেডভিত্তিক নির্ধারিত হারের বিবরণী ০১ (এক) পাতা।


(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)
সচিব
ফোন- ৯৫৮২২২১

সচিব
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব এর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।